

নতুন প্রান্ত

মাহমুদা রুন্সু

অবশেষে তারা আসে
মঙ্গলালোকে, আশার প্লাবনে ভাসে
অবশিষ্ট ভগ্ন বিশ্বাস । আশ্বাসে
সময় কাটে অজানা ভয়ে ত্রাসে ।
আখিতারায় জ্বলে
প্রত্যয় হোমাগ্নি অটল বিশ্বাসে ,
শানিত বিপ্লব নিঃশ্বাসে প্রশ্বাসে ।

দোয়েলেরা দোলা দেয়
শিমুল পলাশে
কাটে নিশি আসে ভোর
আলোর বিকাশে ।
আনো দিন সোনালী
সভাসদে রাজাদের,
আত্মসাত ছেড়ে নিবেদিত
মঙ্গলে প্রজাদের ।

ঘটনা ঘটনের ঘনঘটায়
বিরম্বনা যেন অন্তহীন ।
ব্যতিক্রমী পরিকল্পিত ধারায়
নিষেধ মানেনা; বন্ধনহীন ।
খুনোখুনি হানাহানি
সন্ত্রাসে তরবার,
ক্ষমতার ক্ষমাহীন
অপব্যবহার । বারবার
মরে ছেলে অকারনে
মার বুকে হাহাকার ।

হান্নুহেনাকে বলি
ওরে মক্ষিরানী
সুবাসে মাতাল হবে
শতগৃহ মানি ।
শুভ্রতা টেলে দাও
মুছে যতোগ্লানি ।
শৈর্যে বীর্যে দাও
শান্তির বানী ।

সুকৃতি এখন মেধাবী নষ্ট ছেলে
দুকৃতি করেছে বিস্তর বিস্তার -
বিকল্প পথে দুহাত দিয়েছে মেলে
ছিড়ে গেছে শিক্ষার সেতার ।
কোথায় বিলীন হোল সেই সব ছেলে
দেশের জন্যে যারা নীতিমালা গড়ে ।
জানে খোজ কে তার ?
ছেড়ে ডাক আসতেই হবে তাকে
গগন ফুঁড়ে ।

পঙ্কেই ফোটে পদ্ম
ভুল নেই তাতে,
আধারী আলোতে মাতে
জ্যোৎস্না রাতে ।
পঙ্কজুড়ে ছেয়ে যাবে সহস্র পদ্ম
ঘটবেই শুভক্ষন কাল নয় অদ্য ।

দিন বদলের সনদ এলো
ডিজিটাল প্রণয়নে
বিদগ্ধ জন রাজাকারের বিচার
দেখতে চায় দুনয়নে ।
স্বস্তি পেয়েছে শহীদি আত্মা
পিতৃহত্যার বিচারে,
সুকন্যাও শান্তি পেলেন
বহুবছরের নাচারে ।
ভক্তি হবে জনগণের
সরকারের আচারে,
বি ডি আর হত্যাযজ্ঞ
যবে শান্তি পাবে বিচারে ।

বন্যেরা সব বর্নাধারায়
লিখছে ধারাপাত,
সাগরগীতে পাহাড় নীচে
উর্মিধারার মাত ।
নতুন মানুষ আসছে ধেয়ে
করতে বাজিমাত ।
মাঠে মানুষ আর দেরী নয়
আসছে নতুন প্রাত ।

১৭ মার্চ ২০১০